

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩২৯২

১৬/ শপথ ও মানতের বিবরণ (كتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ ২৯৪. যদি কেউ এরূপ মানত করে, যা পূরণ করার ক্ষমতা তার নেই।

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُسَافِرٍ التَّنِيسِيُّ، عَنْ ابْنِ أَبِي فُدَيْكٍ، قَالَ حَدَّثَنِي طَلْحَةُ بْنُ يَحْيَى  
الْأَنْصَارِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَعِيدِ بْنِ أَبِي هِنْدٍ، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشْجِ، عَنْ  
كُرَيْبٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ نَذَرَ نَذْرًا لَمْ  
يُسْمِهِ فَكَفَّارَتُهُ كَفَّارَةُ يَمِينٍ، وَمَنْ نَذَرَ نَذْرًا فِي مَعْصِيَةٍ فَكَفَّارَتُهُ كَفَّارَةُ يَمِينٍ، وَمَنْ نَذَرَ  
نَذْرًا لَا يُطِيقُهُ فَكَفَّارَتُهُ كَفَّارَةُ يَمِينٍ، وَمَنْ نَذَرَ نَذْرًا أَطَاقَهُ فَلَيْفَ بِهِ ". قَالَ أَبُو دَاوُدَ:  
رَوَى هَذَا الْحَدِيثَ وَكَيْعٌ وَغَيْرُهُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَعِيدِ بْنِ أَبِي الْهِنْدِ أَوْقَفُوهُ عَلَى ابْنِ  
عَبَّاسٍ .

বাংলা

৩২৯২. জাফর ইবন মুসাফির তিন্সী (রহঃ) .... ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কোন ব্যক্তি কিছু নির্দিষ্ট না করে কিছু মানত করে, তবে এর কাফফারা হবে কসমের কাফফারার অনুরূপ। আর যদি কেউ কোনরূপ গুনাহের কাজের জন্য মানত করে, তবে এরও কাফফারা হবে কসমের কাফফারার মত। আর যদি কেউ এরূপ মানত করে, যা আদায় করা তার পক্ষে সম্ভব নয়, তবে এর কাফফারাও কসমের কাফফারার অনুরূপ হবে। আর যদি কেউ এরূপ মানত করে, যা পূরণ করা সম্ভব, তবে তার উচিত হবে সে মানত পূরা করা।

আবু দাউদ (রহঃ) বলেনঃ ওয়াকী ও অন্যরা এ হাদীছটি আবদুল্লাহ ইবন সাঈদ হতে ইবন আব্বাস (রাঃ)-এর উপর মাওকুফরূপে বর্ণনা করেছেন।

## English

Narrated Abdullah ibn Abbas:

The Prophet (ﷺ) said: If anyone takes a vow but does not name it, its

atonement is the same as that for an oath, if anyone takes a vow to do an act of disobedience, its atonement is the same as that for an oath, if anyone takes a vow he is unable to fulfill, its atonement is the same as that for an oath, but if anyone takes a vow he is able to fulfill, he must do so.

Abu Dawud said: This tradition has been transmitted by Waki' and others on the authority of 'Abd Allah b. Sa'id b. Abi al-Hind, but they traced it no farther back than Ibn 'Abbas.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35399>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন